

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
চরবাগমারা, রাজবাড়ী।

ই-মেইলঃ rajbaripbs@yahoo.com, Web : pbs.rajbari.gov.bd



স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০১.০০৮.২৪- ১৮১

তারিখঃ- ২৭ পৌষ ১৪৩০ বঃ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

“নিলাম বিজ্ঞপ্তি”

নিম্নের বর্ণনা অনুযায়ী রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির ওএন্ডএম স্টোর ইয়ার্ডে পড়ে থাকা প্যাকিং বক্সের ভাঙা/টুকরা ব্যবহার অনুপযোগী কাঠ যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ নাম-ঠিকানা, মোবাইল নম্বর, স্বাক্ষর ও সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্বৃত্ত একক মূল্য (টাকা)	উদ্বৃত্ত মোট মূল্য (টাকা)
০১	সমিতির পরিচালন ও রক্ষনাবেক্ষন স্টোর ইয়ার্ডে পড়ে থাকা ব্যবহার অনুপযোগী প্যাকিং বক্সের ভাঙা /টুকরা কাঠ	৩২ মণ (১২৮০ কেজি)		
			মোট=	

শর্তাবলীঃ-

- ০১। নিলাম দরপত্রসমূহ সীলমোহরকৃত খামে আগামী ১৮/০১/২০২৪ ইং তারিখ ১১-০০ ঘটিকার মধ্যে নিজস্ব লেটার হেড প্যাডে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে হবে। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ একই দিন বেলা ১১-০৫ ঘটিকায় সিনিয়র জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী সদর দপ্তরে উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাকযোগে এবং নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “প্যাকিং বক্সের কাঠের ভাঙা/টুকরা কাঠের নিলাম দরপত্র” কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৩। বর্ণিত আইটেমের জন্য দাখিলকৃত নিলাম দরের ২৫% হারে নিরাপত্তা জামানত, সিনিয়র জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৪। মালামালসমূহ আগামী ১৬/০১/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময় রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী এ পরিদর্শন করা যাবে।
- ০৫। রেসপনসিভ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য বাবদ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে নিজ খরচে মালামাল ওজন করে লেবার ও পরিবহন যোগে ডিপোজাল কমিটির উপস্থিতিতে মালামাল গ্রহণ ও বহন করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে। মালামালের পরিমাণ কম বেশি হতে পারে।


Signature

- ০৬। সরকারী নিয়মানুযায়ী দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর ভ্যাট ও উৎস কর পরিশোধ করতে হবে।
- ০৭। ধার্যকৃত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন দর বিবেচনা করা হবে না।
- ০৮। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। উক্ত নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ০৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রাজবাড়ী।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজবাড়ী।
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৮। ডেপুটি জেনারেল ম্যানেজার-পাংশা/কারিগরী, রাজবাড়ী পবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর--(নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের নিমিত্তে উপস্থিত থাকার জন্য অনুরোধসহ)
- ১০। এজিএম (এমএস/অর্থ/ওএন্ডএম (সদর)/ইএন্ডসি/আইটি/এইচআর), রাপবিস।
- ১১। এজিএম(আইটি), রাজবাড়ী পবিস----ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত।
- ১২। নোটিশ বোর্ড, রাপবিস।
- ১৩। অফিস/মাষ্টার কপি।


(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার